BGMEA

সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/৭১ তারিখঃ ০৫ এপ্রিল ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানিকারকগণ কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সূত্র ঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্র নং-টিএম/এলসিএল/কার্গো/দ্রুত-ডেলিভারী/২১/৯১৫ তারিখঃ ০৩/০৪/২০২৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আনস্টাফিংয়ের অপেক্ষায় থাকা কন্টেইনার থেকে এলসিএল কার্গো আনস্টাফিং করে সিএফএস/শেডসমূহে সংরক্ষণ করার জন্য জরুরী ভিত্তিতে আপনার আমদানিকৃত এলসিএল কার্গো ডেলিভারী নেয়ার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সূত্রোক্ত পত্র জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

০৫/৪/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

E:\2025\CIRCULAR-2025.doc

CamScanner

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নং টিএম/এলসিএল/কার্গো/দ্রুত ডেলিভারী/২১/৯২-৫ | তারিখ ঃ ০৩/০৪/২০২৫ খ্রীঃ

বরাবর

১। প্রথম ভাইস প্রেসিডেন্ট
বিজিএমইএ, বিজিএমইএ রিজিওনাল অফিস
বিজিএমইএ ভবন, লেভেল ৪ ও ৫
৬৬৯/ই, ঝাউতলা রোড, দঃ খুলশী, চট্টগ্রাম।

২। সহ সভাপতি
বিকেএমইএ
চেম্বার ভবন (৫ম তলা)
৩৮, আগ্রাবাদ বা/এ., চট্টগ্রাম।

বিষয় ঃ চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সূত্র ঃ ক) টিএম/এলসিএল/দ্রুত ডেলিভারী/২০২১, ০৮/০৩/২০২২খ্রীঃ, ২৩/০৩/২০২২ খ্রীঃ, ০৯/০৪/২০২৩ খ্রীঃ, ২৭/০৪/২০২৩খ্রীঃ, ০৬/০৮/২০২৩ খ্রীঃ, ০১/০৪/২০২৪ খ্রীঃ, ২৫/০৪/২০২৪ খ্রীঃ,১৫/০৫/২০২৪ খ্রীঃ,১৩/০৬/২০২৪ খ্রীঃ,০৭/০৮/২০২৪ খ্রীঃ, ২২/০৮/২০২৪খ্রীঃ,১৩/০১/২০২৫ খ্রীঃ ও ১৯/০২/২০২৫ খ্রীঃ ।

খ) টিএম/এলসিএল/নৌপম/উপদেষ্টা কমিটি/সিদ্ধান্ত বাস্তবায়ন/২১/৭৮৬, তারিখ ঃ ০৭/০৩/২০২২খ্রীঃ, ১৮/০৫/২০২২খ্রীঃ ও ০৬/১১/২০২২খ্রীঃ ।

উল্লেখিত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ০৩/০৪/২০২৫ ইং তারিখে চট্টগ্রাম বন্দরের ১৪ টি সিএফএস/ শেড এলসিএল কার্গো দ্বারা পরিপূর্ণ রয়েছে যার অধিকাংশই বিজিএমই/বিকেএমইএ এর সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত। এ সকল সিএফএস/ শেড হতে এলসিএল কার্গো ডেলিভারী হয়ে খালিস্থান সৃষ্টি না হওয়াতে আনস্টাফিং এর অপেক্ষায় থাকা ৯৬৩ টিইউজ কন্টেইনার থেকে এলসিএল কার্গো আনস্টাফিং করে সিএফএস/ শেড সমূহে সংরক্ষন করা যাচ্ছে না।

এমতাবস্থায়,আপনাদের সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত সিএফএস/শেডে স্থিত এলসিএল কার্গো জরুরী ভিত্তিতে ডেলিভারী নেওয়ার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা গেল। এ ব্যাপারে আপনাদের সহযোগীতা একান্ত কাম্য।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।
**বিষয়টি অতীব জরুরী।**

স্বাঃ/-
সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)
পক্ষে, টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।

১। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। কমিশনার অব কাষ্টমস্, কাষ্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। পরিচালক (নিরাপত্তা), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন (২য় তলা), ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ -অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল ।
৬। সভাপতি, বিকেএমইএ, ২৩৩/১, বি বি রোড প্রেস ক্লাব ভবন (১ম ও ৩য় তলা) নারায়ণগঞ্জ-১৪০০- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৭। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, চেম্বার হাউস, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম -অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন (বিসিএসএ),এস এইচ টাওয়ার, ৩২০, শেখ মুজিব রোড, আগ্রাবাদ (সি/এ), চট্টগ্রাম অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৯। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১০। সভাপতি, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১১। পিএস টু চেয়ারম্যান; চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)
পক্ষে, টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

ডেঃ টার্মিনাল ম্যানেজার (কন্টোল)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।